

## 💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৩১. ধর্মীয় কোন কাজে কাফির কিংবা মুশ্রিকের কোন ধরনের সহযোগিতা নেয়া

'আয়িশা (রাযিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিত তিনি বলেন:

خَرَجَ رَسُوْلُ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قِبَلَ بَدْ ، فَلَمَّا كَانَ بَحَرَّةِ الْوَبْرَةِ أَدْرَكَهُ رَجُلُ ، قَدْ كَانَ يُذْكَرُ مِنْهُ جُرْأَةٌ وَنَجْدَةٌ ، فَفَرِحَ أَصْحَابُ رَسُوْلِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِيْنَ رَأَوْهُ ، فَلَمَّا أَدْرَكَهُ قَالَ لِرَسُوْلِ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ : تُوَمِّنُ بِاللهِ وَرَسُوْلِهِ ؟ قَالَ عَلَيْهِ وَسَلَّمَ : تُوَمِّنُ بِاللهِ وَرَسُوْلِهِ ؟ قَالَ : لاَ ، قَالَ : فَارْجَعْ فَلَنْ أَسْتَعِيْنَ بِمُشْرِكِ قَالَتْ : تُمَّ مَضَى حَتَّى إِذَا كُنَّا بِالشَّجَرَةِ أَدْرَكَهُ الرَّجُلُ ، فَقَالَ لَهُ كَمَا قَالَ أَوَّلَ مَرَّةٍ ، قَالَ : فَارْجِعْ فَلَنْ أَسْتَعِيْنَ بِمُشْرِكِ قَالَتْ : تُمَّ مَضَى حَتَّى إِذَا كُنَّا بِالشَّجَرَةِ أَدْرَكَهُ الرَّجُلُ ، فَقَالَ لَهُ كَمَا قَالَ أَوَّلَ مَرَّةٍ ، قَالَ: فَارْجِعْ فَلَنْ أَسْتَعِيْنَ بِمُشْرِكِ قَالَ : ثُمَّ مَضَى حَتَّى إِذَا كُنَّا بِالشَّجَرَةِ أَدْرَكَهُ الرَّجُلُ ، فَقَالَ لَهُ كَمَا قَالَ أَوَّلَ مَرَّةٍ ، قَالَ: فَارْجِعْ فَلَنْ أَسْتَعِيْنَ بِمُشْرِكِ قَالَ : ثُمَّ وَسَلَّمَ كَمَا قَالَ أَوَّلَ مَرَّةٍ ، قَالَ: فَارْجِعْ فَلَنْ أَسْتَعِيْنَ بِمُشْرِكِ قَالَ : ثُمَّ مَرْجَعَ فَأَدْرَكَهُ بِالْبَيْدَاءِ ، فَقَالَ لَهُ كَمَا قَالَ أَوَّلَ مَرَّةٍ ، تُومْمِنُ بِاللهِ وَ رَسُولِهِ ؟ قَالَ : نَعَمْ ، فَقَالَ لَهُ رَسُولُ اللهِ صَلَّى اللّهُ عَلَيْهِ وَسَلَّمَ : فَانْطَلِقْ

"রাসূল (সা.) একদা বদরের দিকে বের হলেন। যখন তিনি 'হার্রাতুল্-ওয়াবারাহ্ নামক এলাকায় পৌঁছুলেন তখন তাঁর সাথে জনৈক ব্যক্তির সাক্ষাৎ হয়। যার ব্যাপারে সাহসিকতা ও বিপদের সময় অন্যকে সহযোগিতা করার প্রসিদ্ধি ছিলো। তাকে দেখে রাসূল (সা.) এর সাহাবাগণ খুশি হলেন। সে রাসূল (সা.) কে বললো: আমি আপনার সঙ্গে আপনার শত্রু পক্ষের বিরুদ্ধে যুদ্ধ করতে এসেছি। তখন রাসূল (সা.) তাকে বললেনঃ তুমি কি আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূলের উপর ঈমান এনেছো? সে বললো: না। তখন রাসূল (সা.) তাকে বললেন: না। তুমি চলে যাও। আমি কখনো কোনো মুশ্রিকের সহযোগিতা নেবো না। 'আয়িশা (রাযিয়াল্লাছ আনহা) বলেন: অতঃপর লোকটি চলে গেলো। ইতিমধ্যে আমরা ''শাজারাহ্'' নামক এলাকায় পৌঁছুলে লোকটি আবারো রাসূল (সা.) এর সাথে সাক্ষাৎ করে তাঁর নিকট একই প্রস্তাব করলে রাসূল (সা.) তাকে একই উত্তর দিয়ে বললেন: না। তুমি চলে যাও। আমি কখনো কোনো মুশ্রিকের সহযোগিতা নেবো না। বর্ণনাকারী বলেনঃ অতঃপর লোকটি চলে গেলো। ইতিমধ্যে আমরা ''বাইদা''' নামক এলাকায় পৌঁছুলে লোকটি আবারো রাসূল (সা.) এর সাথে সাক্ষাৎ করে তাঁর নিকট একই প্রস্তাব করলে রাসূল (লাকটি আবারো রাসূল (সা.) এর সাথে সাক্ষাৎ করে তাঁর নিকট একই প্রস্তাব করলে রাসূল (সা.) তাকে বললেন: তুমি কি আল্লাহ্ তা'আলা ও তদীয় রাসূলের উপর ঈমান এনেছো? সে বললো: হাঁ। তখন রাসূল (সা.) তাকে বললেন: তা হলে তুমি এখন আমার সাথে চলো''।[1]

ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ১৮১৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11481



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন